BANGLADESH GARMENT MANUFACTURERS
& EXPORTERS ASSOCIATION (BGMEA)
"Made in Bangladesh with Pride"
BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector 17, Uttara, Dhaka-1230.

Ref: বিজিএ/মেলা/২০২১/১২৫ ২ আগস্ট ২০২১

## সম্মানিত সদস্যদের জন্য

**বিষয়ঃ আগামী ১৮-২০ অক্টোবর, ২০২১ সময়ে "Fashion World Tokyo (Hybrid Style) (Physical+Online)", শীর্ষক মেলায় অংশগ্রহন।**

সম্মানিত সদস্যবৃন্দ,

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৮-২০ অক্টোবর ২০২১ তারিখে জাপান, -এ **"Fashion World Tokyo (Hybrid Style) (Physical+Online)"**শীর্ষক একটি মেলা অনুষ্ঠিত হবে মর্মে ইপিবি তাদের ৩১ জুলাই, ২০২১ তারিখের স্মারক নং ০২.০০০০০.০৩১.৫৮.৫০৬.১৯/১৫৯ মাধ্যমে জানায়।

**উক্তমেলায় অংশগ্রহনে আগ্রহী বিজিএমইএ'র সম্মানিত সদস্যদেরকে ইপিবির নির্ধারিত ফরমে প্রয়োজনীয় তথ্যাদি, নিম্নে বর্ণিত কাগজপত্র ও পে-অর্ডার সহ আবেদন আগামী ২৩/০৮/২০২১ ইং তারিখের মধ্যে বিজিএমইএ'র মেলা শাখায় (৩য় তলা) দাখিলের জন্য বিশেষভাবে অনুরোধ করা হল:**

ক। অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, টেলিফোন, মোবাইল, ই মেইল ও ফ্যাক্স নাম্বারসহ লেটার হেড প্যাডে আবেদন করতে হবে।
খ। মেলায় অংশ গ্রহণের জন্য মনোনীত ব্যক্তির দুই কপি ছবিসহ নাম ও পদবী উল্লেখ করতে হবে মনোনীত ব্যক্তি কে অবশ্যই কোম্পানীর সক্রিয় শেয়ার হোল্ডার ডাইরেক্টর হতে হবে।
গ। মনোনীত ব্যক্তির পাসপোর্ট এর ফটোকপি এবং বিভিন্ন দেশে ভ্রমণের ভিসাপাতাসহ ফটোকপি পাঠাতে হবে।
ঘ। যেসব পণ্য মেলায় প্রদর্শন করা হবে তার নাম (নীট,ওভেন ও সুয়েটার উল্লেখ পূর্বক) তালিকা সংযুক্ত করতে হবে।
ঙ। বিগত এক বছরের পিআরসি'র ফটোকপি দিতে হবে।
চ। কোম্পানী প্রোফাইল দিতে হবে।
ছ। মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস অফ এসোসিয়েশন দিতে হবে।
জ। ইআরসি, ট্রেড লাইসেন্স ,আয়কর ও ভ্যাট সার্টিফিকেট ফটোকপি দিতে হবে।

এ ব্যাপারে প্রয়োজনীয় তথ্যের জন্য নিম্নোক্ত কর্মকর্তাদের সাথে যোগাযোগ করা যেতে পারেঃ

১. মোঃ মজিবুর রহমান শাহীন, উপ-সচিব, মেলা শাখা, বিজিএমইএ, মোবাইলঃ ০১৮১৭-০৪৯৯৯৯
২. সিজান মাহমুদ প্লাবী , নির্বাহী , মেলা শাখা, বিজিএমইএ, মোবাইলঃ ০১৭২৭-৬৫৬৯৯৭

সংযুক্তিঃ
১। ইপিবি'র পত্র।
২। ইপিবি'র মেলায় অংশগ্রহনের আবেদন ফর্ম।

ধন্যবাদান্তে,

০২/৮/২০২১

**মোঃ ফয়জুর রহমান**
মহাসচিব

BGMEA Regional Office : BGMEA Bhaban (Lebel-4&5) 669/E, Jhautala Road (Near CNG Station), South Khulshi, Chittagong.
Tel: +880-31-2867401-10 (PABX), Fax: +880-31-2867412, E-mail: info@bgmeactg.org

রপ্তানি উন্নয়ন ব্যুরো
মেলা ও প্রদর্শনী বিভাগ
টিসিবি ভবন ১, কাওরানবাজার
ঢাকা।

নং: ০২.০০০০০.০৩১.৫৮.৫০৬.১৯/১৫৯ তারিখঃ ৩১- ০৭-২০২১খ্রিঃ

বিষয় : আগামী অক্টোবর ১৮-২০,২০২১ সময়ে জাপানের টোকিওতে অনুষ্ঠিতব্য Hybrid Fashion World Tokyo (Hybrid style (Physical + online) শীর্ষক মেলায় অংশগ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে অবগতির জন্য জানানো যাচ্ছে যে,আগামী অক্টোবর ১৮-২০,২০২১ জাপানের টোকিওতে Fashion World Tokyo শীর্ষক মেলা ভার্চ্যুয়ালি এবং ফিজিক্যালি (ইন-পারসন) অনুষ্ঠিত হবে।উক্ত মেলার প্রাপ্ত তথ্যাদি নিম্নরূপঃ

| | | | |
|---|---|---|---|
| ০১. | মেলারনাম | : | Fashion World Tokyo (Hybrid style ) (Physical + online) |
| ০২. | সময়কাল | : | অক্টোবর ১৮-২০ ,২০২১ |
| ০৩. | অংশগ্রহণ প্রক্রিয়া | : | চলমান পেনডেমিক এর জন্য জাপানসহ বিভিন্ন দেশে ভ্রমণ সাময়িকভাবে বন্ধ থাকায় মেলা আয়োজক প্রতিষ্ঠান Reed Exhibition আগামী মার্চ মাসে অনুষ্ঠিতব্য মেলায় বিদেশী অংশগ্রহণনিশ্চিতকরণের জন্য জাপানে ভ্রমণ না করে প্রদর্শিত পণ্য নিজ ব্যবস্থাপনায় প্রেরণ করে আয়োজক কর্তৃক নিয়োজিত প্রমোটরের মাধ্যমে হাইব্রিড অপসনে,ভার্চ্যুয়ালি এবং ফিজিক্যালি (ইন-পারসন), মেলায় অংশগ্রহণ । |
| ০৪. | মেলার প্রকৃতি এবং প্রদর্শিত পণ্য | : | **(১) ভার্চুয়ালি এবং ফিজিক্যালি (ইন-পারসন) (মেলা আয়োজক কর্তৃক নিয়োজিত প্রমোটরের মাধ্যমে ) , (২) অ্যাপারেলস এবং চামড়াজাত পণ্য ।** |
| ০৫. | বুথ আকৃতি এবং ভাড়ার হার | : | 8.1 SQM , TK 5,41,000.00, Corner Booth: Tk: 17,160.00 |

০২। প্রস্তাবিত মেলায় অংশগ্রহণের লক্ষ্যে আগ্রহী স্বনামধন্য রপ্তানিকারক প্রতিষ্ঠানসমূহ হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।আবেদন পত্র এবং রশিদ ব্যুরোর ওয়েবসাইট থেকে (www.epb.gov.bd)ডাউন লোড করা যাবে।আবেদন পত্রের সাথে ট্রেড লাইসেন্স, ইআরসি, আয়কর ও ভ্যাট সার্টিফিকেট, সর্বশেষ অর্থবছরের পিআরসি অবশ্যই দাখিল করতে হবে। আগ্রহী অংশগ্রহণকারীগণকে ব্যুরোর নির্ধারিত ফরম পুরণপূর্বক আবেদনপত্র পে-অর্ডার সহযোগে আগামী ২৫ আগষ্ট, ২০২১ ইং তারিখের মধ্যে মেলা ও প্রদর্শনী বিভাগে জমা প্রদানের জন্য অনুরোধ জানানো হলো। প্রতিষ্ঠানের সক্ষমতা অনুযায়ী আগ্রহী অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহকে বুথ মূল্যের উপর নিম্নরুপভাবে ভর্তুকি (Subsidy) প্রদান করা হলো।

০১) তৈরী পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ

| ক্রমিক নং | রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার) | ক্যাটাগরী | ইপিবি'র দেয় সর্বোচ্চ সহায়তা শতকরা |
|---|---|---|---|
| ০১ | ১০ এর উপরে | 'ক' | ২০% |
| ০২ | ০৫-১০ | 'খ' | ৩৫% |
| ০৩ | ০৫ এর নীচে | 'গ' | ৪৫% |
| ০৪ | প্রারম্ভিক (কোন রপ্তানি নাই) | 'ঘ' | ৫০% |

০২) অন্যান্য খাতের প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ

| ক্রমিক নং | রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার) | ক্যাটাগরী | ইপিবি প্রদেয় সর্বোচ্চ সহায়তার শতকরা হার |
|---|---|---|---|
| ০১। | রপ্তানিকারক সকল প্রতিষ্ঠানের জন্য | "ক" | ৪০% |
| ০২। | প্রারম্ভিক (কোন রপ্তানি নেই) | "খ" | ৫০% |

০৪। কোন প্রতিষ্ঠান নির্বাচিত হওয়ার পর কোন কারণে মেলায় অংশগ্রহণ না করলে অংশগ্রহণ ফি ফেরতযোগ্য নয়। তবে কোন আবেদনকারী প্রতিষ্ঠানকে মনোনীত করা না হলে তাদের অংশগ্রহণ ফি বাবদ দাখিলকৃত পে-অর্ডার ফেরৎ দেওয়া হবে।

৩১/০৭/২০২১

(আবু মোখলেছ আলমগীর হোসেন)
উপ পরিচালক (মেলা)
টেলি: ৮১৮০০৮৮

বিতরন : সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স (৩য় তলা), হাউস- ৭/৭এ, সেক্টর-১৭, ব্লক এইচ-১, উত্তরা, ঢাকা। info@bgmea.com.bd
২. সভাপতি, বিকেএমইএ, প্ল্যানার্স টাওয়ার (১৩তলা), ১৩/এ, সোনারগাঁও রোড, ঢাকা। info@bkmea.com
৩. সভাপতি, বাংলাদেশ টেরী টাওয়েল লিলেন ম্যানুঃ এন্ড এক্সপোটার্স এসোঃ, পল্টন টাওয়ার , ৮৭ পুরানা পল্টন লেন (সাউথষ্ট কর্নার), ঢাকা।
৪. সভাপতি, বাংলাদেশ ফিনিসড্ লেদার, লেদার গুডস্ এন্ড ফুটওয়্যার এক্সপোটার্স্ এসোসিয়েশন, হাউজ নং- ৩২/এ, রোড নং ২, ফ্ল্যাট বি-২, ধানমন্ডি।